

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 25-05-2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Padma Award:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ ২০২৬ সালের পদ্ম পুরস্কার প্রদান করবেন। এই বছর ভারত সরকার মোট ১৩১টি পদ্ম পুরস্কার ঘোষণা করেছে। এর মধ্যে রয়েছে পাঁচটি পদ্মবিভূষণ, ১৩টি পদ্মভূষণ এবং ১১৩টি পদ্মশ্রী পুরস্কার। পুরস্কার প্রাপ্তদের মধ্যে ১৯ জন নারী এবং ১৬ জনকে মরণোত্তর এই পুরস্কার প্রদান করা হবে। উল্লেখ্য, পদ্ম পুরস্কার, যথা পদ্মবিভূষণ, পদ্মভূষণ এবং পদ্মশ্রী, দেশের সর্বোচ্চ বেসামরিক পুরস্কারগুলির মধ্যে অন্যতম। ১৯৫৪ সালে প্রবর্তিত এই পুরস্কারগুলি প্রতি বছর প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠানে ঘোষণা করা হয়। এই পুরস্কারের উদ্দেশ্য হলো বিশিষ্ট কাজের স্বীকৃতি দেওয়া এবং এটি শিল্পকলা, সাহিত্য, শিক্ষা, ক্রীড়া, চিকিৎসা, সমাজসেবা, বিজ্ঞান ও প্রকৌশল, জনবিষয়ক এবং বাণিজ্য ও শিল্প সহ বিভিন্ন ক্ষেত্র ও শাখায় অসামান্য এবং ব্যতিক্রমী কৃতিত্বের জন্য প্রদান করা হয়।

\*\*\*\*\*

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জানিয়েছেন, উত্তর পূর্বাঞ্চল গতকাল দেশের উন্নয়নের অন্যতম অগ্রগামী অঞ্চল। কেন্দ্রীয় যোগাযোগ ও উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার একটি প্রবন্ধ সমাজমাধ্যমে সবার সঙ্গে ভাগ করে গতকাল প্রধানমন্ত্রী একথা উল্লেখ করেন। প্রবন্ধে কাঞ্চনজঙ্ঘার পাঁচটি সম্পদ, প্রাকৃতিক ঐশ্বর্য, জীববৈচিত্র, সংস্কৃতি, পর্যটন ও জলসম্পদ কিভাবে সিকিমের

উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে এবং "ভ্যাইব্রান্ট সিকিম ২০৪৭"এর পথ দেখাচ্ছে তা তুলে ধরা হয়েছে।

\*\*\*\*\*

#### UPSC :

রাজ্যে ইউপিএসসি প্রিলিম পরীক্ষা শান্তিপূর্ণ ভাবে অনুষ্ঠিত হয়েছে। ব্যাপক নিরাপত্তায় গতকাল আগরতলায় উমাকান্ত একাডেমি এবং বয়েজ বোধজং স্কুলে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষা কেন্দ্রগুলি পরিদর্শন করেছেন রাজ্যের মুখ্যসচিব জে কে সিনহা ও পশ্চিম ত্রিপুরার জেলা শাসক ডাঃ বিশাল কুমার।

\*\*\*\*\*

#### Dharmendra Pradhan CBSE :

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন (সিবিএসই)-কে ত্রুটিমুক্ত পুনর্মূল্যায়ন প্রক্রিয়া নিশ্চিত করতে সহায়তা করার জন্য ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি (আইআইটি) মাদ্রাজ এবং আইআইটি, কানপুর থেকে অধ্যাপক ও প্রযুক্তি বিশেষজ্ঞদের একটি দল পাঠানোর নির্দেশ দিয়েছেন।

সিবিএসই-র ফলাফল-পরবর্তী পরিষেবা পোর্টাল সংক্রান্ত বিভিন্ন ঘটনা এবং ছাত্রছাত্রী ও অভিভাবকদের উত্থাপিত উদ্বেগের পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে যে, আইআইটি-র বিশেষজ্ঞ দল সিস্টেমগুলির প্রযুক্তিগত উন্নতি সাধন করবে এবং বিশেষভাবে পোর্টালের স্থিতিশীলতা ও সার্ভারের কার্যকারিতা পরীক্ষা করবে।

\*\*\*\*\*

#### রক্তদান শিবির:

ত্রিপুরা আচার্য্য সমাজ কল্যাণ পরিষদ-এর উদ্যোগে নেতাজি সুভাষ বিদ্যানিকেতন উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে গতকাল এক স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন সংসদ রাজীব ভট্টাচার্য, কর্পোরেটর রত্না দত্ত সহ বিশিষ্ট ব্যক্তির। অতিথিরা রক্তদানের গুরুত্ব তুলে ধরে যুব সমাজকে এই ধরনের মানবকল্যাণমূলক কাজে আরও বেশি করে এগিয়ে আসার আহ্বান জানান।

\*\*\*\*\*

### **Health Camp Haina :**

সার্বমেয় হরিনা শিশু ভারতী প্রি-স্কুলে গতকাল এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মনুবাজার সামাজিক স্বাস্থ্য মেডিকেল অফিসার ডাঃ দেবজ্যোতি মজুমদার, ডাঃ শুভজিৎ দাস প্রমুখ রোগীদের বিনামূল্যে চিকিৎসা বিষয়ক পরামর্শ দেন। শিবিরে সাধারণ স্বাস্থ্য পরীক্ষা, রক্তচাপ পরীক্ষা, বিভিন্ন রোগের প্রাথমিক পরামর্শ এবং প্রয়োজনীয় স্বাস্থ্য সচেতনতা বিষয়ক পরামর্শ দেন স্বাস্থ্য কর্মীরা। শতাধিক রোগী এই পরিসেবা গ্রহণ করেন।

\*\*\*\*\*

### **Weather :**

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু কেরলম অভিমুখে এগিয়ে আসছে। ভারতীয় আবহাওয়া বিভাগের পূর্বাভাসে বলা হয়েছে আগামী ২৬শে মে কেরলম-এ আনুষ্ঠানিকভাবে বর্ষা প্রবেশ করার সম্ভাবনা রয়েছে। পূর্বাভাসে আরও বলা হয়েছে, আগামী দুই তিন দিনের মধ্যে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু আরব সাগরের দক্ষিণ-পশ্চিম ও দক্ষিণ-পূর্ব অংশে এবং বঙ্গোপসাগরের দক্ষিণ-পশ্চিম, দক্ষিণ-পূর্ব অংশে প্রবেশ করতে পারে। এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, ধলাই, উনকোটি, খোয়াই

ও উত্তর জেলায় বজ্রবিদ্যুৎ এবং ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে  
ঝোড়ো হাওয়া সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। রাজ্যে আজ দিনের  
সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরের  
সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩ ডিগ্রী সেলসিয়াস। ভোর সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টিপাতের  
পরিমাণ ছিল ৩৬.২ মিলিমিটার।

\*\*\*\*\*

\*\*\*\*\*